Synopsis of Proposed Thesis

শশিভূষণ দাশগুপ্ত ও সমকালীন বাংলা সমালোচনামূলক প্রবন্ধ

SHASHIBHUSHAN DASGUPTA O SAMAKALIN BANGLA SAMALOCHANAMULAK PRABANDHA

2024

Researcher

DEBOJYOTI ROY

M.A., JRF NET

Under the Supervision & Guidance of

Dr. Goutam Mukherjee

Assistant Professor
Department of Bengali
Ranchi University, Ranchi

বাংলা সমালোচনার সমৃদ্ধ জগতে অধ্যাপক শশিভূষণ দাশগুপ্ত এক কিংবদন্তি নাম, যশস্বী গবেষক ও অবিস্মরণীয় সমালোচক। সমগ্র বাংলা সমালোচনাবিশ্বে তিনি একজন প্রথম শ্রেণীর সমালোচক। অভিনব বিষয় নির্বাচন ও বিদগ্ধ আলোচনার দীপ্তিতে তিনি বাংলা সমালোচনা বিশ্বকে আলোকদীপ্ত করেছেন। তাঁর চিন্তাশক্তির গভীরতা ও ভাবনার গভীর গহন উপস্থাপনায় শশিভূষণের সমালোচনা পেয়েছে এক ভিন্নমাত্রা, স্বতন্ত্র মর্যাদা।

প্রবাদপ্রতিম অধ্যাপক শশিভূষণ দাশগুপ্ত বাংলা প্রবন্ধ সাহিত্যের একজন স্মরণীয় রূপকার ও বরনীয় বাস্তুকার। বাংলা সমালোচনামূলক প্রবন্ধের ধারায় তিনি সংযোজিত করেছেন এক নিজস্ব ধারা। অমেয় জ্ঞানতৃষ্ণার স্বাক্ষর তিনি রেখেছেন তাঁর প্রবন্ধ বিশ্বে। আবার এই জ্ঞানতৃষ্ণার তীব্র আবেগের সঙ্গে হৃদয় লালিত্যের সংমিশ্রণে তাঁর প্রবন্ধ পেয়েছে এক ভিন্নমাত্রা। বিষয় বৈচিত্রের অনন্যতা ও মৌলিকতার নব নব আলোক পথসন্ধান তাঁর সমালোচনার অন্যতম প্রধান বৈশিষ্ট্য, তাঁর গবেষণা মানসের আলোকিত উদ্ভাসন।

শশিভূষণের প্রবন্ধে মধ্যযুগ ভাবনা যেমন এক প্রিয় এবং পরিচিত বিষয়, তেমনি সাহিত্যতত্ত্বের ব্যাখ্যা বা স্বরূপ অণ্বেষণ প্রবন্ধের এক প্রিয় বস্তু। শশিভূষণের গভীর তত্ত্বভাবনা ও অসামান্য সাহিত্য চেতনার দীপ্তি তাঁর প্রবন্ধের বিশ্বে উদ্ভাসিত হয় প্রতিমুহূর্তে। পরবর্তীকালে যে বুদ্ধিদীপ্ত সমালোচনার ধারা বাংলা প্রবন্ধে প্রত্যক্ষ করা যায় তার সূচনা শশিভূষণ-ই করে গেছেন। একথা বলা অত্যুক্তি নয়।

শশিভূষণ সমকালীন বাংলা সমালোচনামূলক প্রবন্ধের ধারায় যাঁরা স্মরণীয় অস্তিত্বের আলোক বিভা জ্বালিয়েছেন তাঁদের মধ্যে বরনীয় ব্যক্তিত্ব হলেন- সুকুমার সেন, প্রমথনাথ বিশী, তারাপদ মুখোপাধ্যায়, ক্ষুদিরাম দাস, অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, ভূদেব চৌধুরী, চিন্তাহরণ চক্রবর্তী প্রমূখ। এই দিকপাল সাহিত্য সমালোচকদের প্রবন্ধ বাংলা প্রবন্ধ সাহিত্যকে সমৃদ্ধ করেছে নানাভাবে। সাহিত্য ইতিহাস, কাব্যপ্রবাহ, ধর্ম-দর্শন-সংস্কৃতি, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র প্রভৃতি বৈচিত্র্যময় বিষয় সমাবেশে এঁরা গড়ে তুলেছেন বাংলা সমালোচনা মূলক প্রবন্ধের স্বর্ণবিশ্ব। শশিভূষণ তাঁর প্রবন্ধে গড়ে তুলেছেন এক স্বতন্ত্র ভাবনার প্রবন্ধ বিশ্ব। আপন স্বাতন্ত্র্যে তিনি তাঁর বিষয় ও আঙ্গিককে মহৎ মর্যাদায় প্রতিষ্ঠিত করেছেন। যা তাঁর সমকালীন ও পরবর্তী যুগেরও অনুপ্রেরণা ও আদর্শের কারণ হয়ে ওঠে। শশিভূষণের বিভিন্ন গ্রন্থ অবলম্বনে তা আমরা পরিস্ফুট ও পরিবেশিত করতে পারি।

শশিভূষণ দাশগুপ্তের 'বাংলা সাহিত্যের একদিক' একটি মূল্যবান গ্রন্থ। বাংলা রচনা সাহিত্যের প্রথম প্রজ্ঞাদীপ্ত সমালোচনার ফসল এই গ্রন্থ। শুধু প্রথম নয় আজ পর্যন্ত এই গ্রন্থটি এ বিষয়ে তুলনাহীন আলোচনা গ্রন্থ। শশিভূষণের তীক্ষ্ণ মেধা ও রসবিদগ্ধতার আশ্চর্য সমাবেশ ঘটেছে এই গ্রন্থে। 'বাংলা সাহিত্যের একদিক' গ্রন্থটি ন'টি অধ্যায়ে বিন্যস্ত করেছে সুধী সমালোচক শশিভূষণ। সেই ন'টি

অধ্যায়ের নাম হলো- রচনা সাহিত্যের স্বরূপ-লক্ষণ, বাঙলা প্রবন্ধ ও রচনার উৎপত্তি, প্রথম যুগের রচনাকারগণ, বঙ্কিমী প্রভাবের পূর্ববর্তী অন্যান্য লেখকগণ, রবীন্দ্র প্রভাবের পূর্ববর্তী অন্যান্য লেখকগণ, রবীন্দ্রনাথ, রবীন্দ্র যুগের অন্যান্য লেখকগণ।

প্রতিটি অধ্যায়ে শশিভূষণ তাঁর গভীর মননশীলতা ও রসবৈদগ্ধের পরিচয় দিয়েছেন। গভীর তত্ত্ব জিজ্ঞাসার সঙ্গে সাহিত্যের রসবোধের সমন্বয়ে শশিভূষণের এই গ্রন্থটি শিল্প স্থাপত্যের একটা অনিন্দ্যনীয় রসমূর্তি হয়ে উঠেছে। বাংলা রচনা সাহিত্যের ইতিহাসে মহাকালের পৃষ্ঠায় এই গ্রন্থটি একটি মূল্যবান সংযোজন হয়ে দৃষ্টান্ত স্থাপন করেছে। গ্রন্থের ভূমিকায় শশিভূষণ লিখেছেন- “কাব্য কবিতা, গল্প উপন্যাস, নাটক প্রভৃতির ন্যায় ‘রচনা’- ও সমৃদ্ধ সাহিত্যের একটা বিশেষ দিক, বর্তমান গ্রন্থে বাংলা সাহিত্যের সেই বিশেষ দিক সম্বন্ধে ধারাবাহিকভাবে আলোচনা করা হয়েছে”।

সাহিত্যতত্ত্বের একটা অসাধারণ গ্রন্থ রূপে বাংলা সাহিত্যের উদার উন্মুক্ত প্রাঙ্গনে অবিস্মরণীয় অস্তিত্বে বিরাজমান শশিভূষণের ‘সাহিত্যের স্বরূপ’ গ্রন্থটি। সাহিত্যতত্ত্বের যাবতীয় বিষয় এই গ্রন্থে রসবৈদগ্ধের সঙ্গে আলোচিত হয়েছে। লেখকের অপূর্ব অনুভব ও উপলব্ধি, শক্তি এবং বিশ্লেষণের গভীরতা এই গ্রন্থটিকে অনন্য মর্যাদা দিয়েছে। বাংলা ভাষার শ্রেষ্ঠ সাহিত্য তত্ত্বের গ্রন্থ গুলির সঙ্গে ‘সাহিত্যের স্বরূপ’ এক নিশ্বাসে উচ্চারিত হতে পারে।

শশিভূষণ তাঁর ‘সাহিত্যের স্বরূপ’ গ্রন্থটিকে পাঁচটি অধ্যায় ও একটি পরিশিষ্ট বিষয়ে বিন্যস্ত করেছেন। সেগুলি হলো– সাহিত্যের প্রাণধর্ম ও তত্ত্ববুদ্ধি, আর্টের প্রয়োজন ও অপ্রয়োজন, সাহিত্যের স্বরূপ, সাহিত্যের আদর্শবাদ বনাম বাস্তববাদ, সাহিত্যের সংজ্ঞা ও সাহিত্য।

প্রতিটি বিষয় শশিভূষণের অপূর্ব সাহিত্য চেতনার আলোকিত উদ্ভাসের দৃষ্টান্ত রূপে পরিগণিত হয়েছে। এই গ্রন্থে শশিভূষণ একজন সমালোচক সত্তার সঙ্গে এক সৃজনী সত্তারও প্রকাশ করেছেন তাঁর ব্যাখ্যা বিশ্লেষণের অবসরে। এই গ্রন্থখানি শুধু সমালোচনার মননশীলতা নিয়ে লেখা যায় না, প্রয়োজন হয় একজন সাহিত্যিকের সৃজনী প্রতিভার। শশিভূষণ তা প্রমাণ করেছেন আলোচ্যগ্রন্থের আলোচনায়।

শশিভূষণ দাশগুপ্তের বিখ্যাত গ্রন্থ ‘ভারতের শক্তি সাধনা ও শাক্ত সাহিত্য’ সমগ্র বাংলা সমালোচনার জগতে মূল্যবান সম্পদ। এই গ্রন্থে একদিকে শাক্তদেবী ও শাক্ত সাধনা এবং শাক্ত পদাবলীর গভীর আলোচনা লিপিবদ্ধ হয়েছে। গ্রন্থটিকে সুধী সমালোচক ১৪ টি অধ্যায়ে বিভক্ত করেছেন। উপক্রমণিকা থেকে আরম্ভ করে দেবীর বিচিত্র ইতিহাস, সংস্কৃত সাহিত্যের দেবী, বৌদ্ধ-দেবী, বৈষ্ণব সাহিত্য ও দেবী, রামায়ণ সাহিত্যেদেবী, বাঙলা মঙ্গল-কাব্যে দেবী, বাঙলা শাক্ত-সাহিত্য, পরবর্তীকালের প্রসিদ্ধ শক্তি সাধকগণের সাধনা, ঊনবিংশ শতকের মধ্যভাগে বাঙলা

শাক্ত সাহিত্য, ওড়িয়া শাক্ত-সাহিত্য, মৈথিলী শাক্ত-সাহিত্য, অসমীয়া শাক্ত-সাহিত্য, হিন্দী শাক্ত-সাহিত্য প্রভৃতি বিষয়ে আলোচনা করেছেন প্রাবন্ধিক।

আলোচ্য গ্রন্থে ভারতীয় শক্তিতত্ত্ব ও শাক্ত সাধনা সাহিত্যের নিগুঢ় পরিচয় ফুটে উঠেছে লেখকের অলোক সামান্য বিদগ্ধতার পরিচয় নিয়ে।

শশিভূষণ দাশগুপ্তের 'শ্রীরাধার ক্রমবিকাশ দর্শনে ও সাহিত্যে' গ্রন্থটি সমগ্র বাংলা সাহিত্যের স্বর্ণ ফসল। গ্রন্থকারের মেধা ও রসচেতনার উচ্চস্তরীয় চিন্তা ও চেতনার আলো এই গ্রন্থে সর্বত্রই প্রকাশিত ও প্রসারিত। প্রাবন্ধিক এই অমৃতময় গ্রন্থটিকে ১৫ টি অধ্যায়ে বিভক্ত করেছেন। সেগুলি হল- রাধাতত্ত্বের মূল-প্রাচীন ভারতীয় শক্তিতত্ত্ব, শ্রীযুক্ত ও শ্রীদেবী বা লক্ষ্মী দেবীর প্রাচীন ইতিহাস, পঞ্চরাত্রে বিষ্ণু-শক্তি শ্রী বা লক্ষী, পঞ্চরাত্রে বর্ণিত শক্তিতত্ত্ব ও কাশ্মীর-শৈবদর্শনে ব্যাখ্যাত শক্তিতত্ত্বের মিল, পুরানাদিতে ব্যাখ্যাত বৈষ্ণব-শক্তিতত্ত্ব, শ্রী-সম্প্রদায়ে ও মাধ্বী-সম্প্রদায়ে ব্যাখ্যাত বিষ্ণু শক্তি, শ্রীরাধার আবির্ভাব, ধর্মে ও দর্শনে রাধা, পূর্বালোচিত প্রাচীন ভারতীয় বিবিধশক্তি তত্ত্ব ও গৌড়ীয় রাধা তত্ত্ব, দার্শনিক রাধা তত্ত্বের বিবিধ বিস্তার, চৈতন্য চরিতামৃতে ব্যাখ্যাত গৌর-তত্ত্ব ও রাধাতত্ত্ব, বৈষ্ণব সহজিয়া মতে রাধাতত্ত্ব, রাধা-বল্লভী সম্প্রদায়ের রাধা ও বাঙালি বৈষ্ণব কবিগনের কিশোরী তত্ত্ব, বল্লভ-সম্প্রদায়ের হিন্দু-সাহিত্যে রাধা, পরবর্তীকালের রাধা।

এই গ্রন্থে রাধাতত্ত্ব আলোচনায় এক প্রধান বিষয়। শশিভূষণ দাশগুপ্ত প্রথম অধ্যায় লিখেছেন – "খ্রিস্টীয় দ্বাদশ শতক হইতে বাঙলাদেশে যে বৈষ্ণব সাহিত্য রচিত হইয়াছে তাহার বৈশিষ্ট্য রাধাবাদে। বাঙলা দেশের প্রসিদ্ধ বৈষ্ণব কবি জয়দেব বিষ্ণুর পূর্ণাবতার ভগবান শ্রীকৃষ্ণের প্রেমলীলা লইয়াই তাঁহার সুপ্রসিদ্ধ 'গীত-গোবিন্দ' কাব্য রচনা করিয়াছিলেন; কিন্ত এই প্রেমলীলার বিষয় শ্রীকৃষ্ণ, আশ্রয় শ্রীরাধা। রাধাকে অবলম্বন করিয়াই সকল প্রেমলীলার স্ফূর্তি। বিষয় স্বরূপ কৃষ্ণের রাধিকাই আশ্রয় স্বরূপ হওয়াতে বাঙলার বৈষ্ণব কবিতারও রাধিকাই মুখ্য আশ্রয় হইয়া উঠিয়াছেন। জয়দেবের সমসাময়িক শ্রীধর দাসের সংস্কৃত-কবিতা-সংকলন গ্রন্থ 'সদুক্তিকণামৃতে' যে বৈষ্ণব পদাবলী পাওয়া যায় রাধা কৃষ্ণের প্রেমই তাহার অধিকাংশের অবলম্বন। তৎপরবর্তী কালে বাঙলার কবি চন্ডীদাস এবং বৃহত্তর বঙ্গের অন্তর্গত মিথিলার কবি বিদ্যাপতি যে বৈষ্ণব-কবিতা রচনা করিয়াছেন রাধাই সেই বৈষ্ণব কবিতার প্রাণ। ষোড়শ শতাব্দীতে মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের ধর্ম প্রেরণায় ষড় গোস্বামী এবং অসংখ্য দার্শনিক এবং কবি ভক্তগণের সম্মিলিত সাধনায় যে প্রেমধর্ম এবং প্রেম সাহিত্য গড়িয়া উঠিল, শ্রীরাধার পরিকল্পনাই তাহাকে একটা অভিনবচারুত্ব ও বৈশিষ্ট্য দান করিয়াছে"।

আমার গবেষণার বিষয় "শশিভূষণ দাশগুপ্ত ও সমকালীন বাংলা সমালোচনামূলক প্রবন্ধ"। বর্তমান গবেষণাটিকে নিম্নলিখিত ভাবে বিন্যস্ত করা হবে :

ভূমিকা :

অধ্যায় পরিকল্পনা :

প্রথম অধ্যায় : শশিভূষণ দাশগুপ্ত পূর্ববর্তী বাংলা সমালোচনামূলক প্রবন্ধ।

দ্বিতীয় অধ্যায় : শশিভূষণ দাশগুপ্ত সমকালীন বাংলা সমালোচনামূলক প্রাবন্ধিক এবং প্রবন্ধ পরিচয়।

তৃতীয় অধ্যায় : শশিভূষণ দাশগুপ্তের প্রবন্ধের বর্ণনাত্মক পরিচয়।

চতুর্থ অধ্যায় : শশিভূষণ দাশগুপ্তের প্রবন্ধের শ্রেণী বিভাজন।

পঞ্চম অধ্যায় : শশিভূষণ দাশগুপ্তের প্রবন্ধের ব্যাখ্যা এবং বিশ্লেষণ।

ষষ্ঠ অধ্যায় : শশিভূষণের প্রবন্ধের ভাষা বিচার।

সপ্তম অধ্যায় : শশিভূষণের প্রবন্ধের শৈলী বিচার।

অষ্টম অধ্যায় : শশিভূষণ দাশগুপ্তের প্রবন্ধের বৈশিষ্ট্য।

উপসংহার :

গ্রন্থপঞ্জি :

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ :-

১) চক্রবর্তী চিন্তাহরণ : হিন্দুর আচার অনুষ্ঠান, প্যাপিরাস

২) চক্রবর্তী চিন্তাহরণ : তন্ত্রকথা, প্যাপিরাস

৩) চৌধুরী ভূদেব : বাংলা সাহিত্যের ইতিকথা, মডার্ন বুক এজেন্সি

৪) চৌধুরী ভূদেব : বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস, মডার্ন বুক এজেন্সী

৫) চৌধুরী ভূদেব : রবীন্দ্র উপন্যাস ইতিহাসের প্রেক্ষিতে, মডার্ন বুকে এজেন্সি

৬) চট্টোপাধ্যায় শরৎচন্দ্র : নারীর মূল্য, শরৎ রচনাবলী (৩য় খন্ড)

৭) চট্টোপাধ্যায় শরৎচন্দ্র : স্বদেশ ও সাহিত্য, শরৎ রচনাবলী (৪র্থ খন্ড)

৮) চট্টোপাধ্যায় শরৎচন্দ্র : সাহিত্য ও নীতি, শরৎ রচনাবলী (৩য় খন্ড)

৯) ঠাকুর রবীন্দ্রনাথ : সাহিত্য, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১০) ঠাকুর রবীন্দ্রনাথ : সাহিত্যের পথে, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১১) ঠাকুর রবীন্দ্রনাথ : সাহিত্যের স্বরূপ, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১২) ঠাকুর রবীন্দ্রনাথ : বাংলা ভাষা পরিচয়, রবীন্দ্র রচনাবলী, বিশ্বভারতী

১৩) দাশগুপ্ত শশিভূষণ : উপনিষদের পটভূমিকায় রবীন্দ্র-মানস, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৪) দাশগুপ্ত শশিভূষণ : বাঙলা সাহিত্যে নবরূপ, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৫) দাশগুপ্ত শশিভূষণ : কবি যতীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৬) দাশগুপ্ত শশিভূষণ : শ্রীরাধার ক্রমবিকাশ দর্শনে ও সাহিত্যে, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৭) দাশগুপ্ত শশিভূষণ : সাহিত্যের স্বরূপ, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৮) দাশগুপ্ত শশিভূষণ : শিল্প লিপি, ওরিয়েন্ট বুক কোম্পানি

১৯) দাশগুপ্ত শশিভূষণ : বাঙলা সাহিত্যে নবযুগ, ওরিয়েন্ট বুক কোম্পানি

২০) দাশগুপ্ত শশিভূষণ : বাঙলা সাহিত্যের একদিক, ওরিয়েন্ট বুক কোম্পানি

২১) দাশগুপ্ত শশিভূষণ : বাঙলা সাহিত্যের পটভূমি রূপে কয়েকটি ধর্ম সাধনা, ওরিয়েন্ট বুক কোম্পানি

২২) দাশগুপ্ত শশিভূষণ : ভারতের শক্তি সাধনা ও শাক্ত সাহিত্য, ওরিয়েন্ট বুক কোম্পানি

২৩) দাস ক্ষুদিরাম : রবীন্দ্র প্রতিভার পরিচয়, মল্লিক ব্রাদার্স

২৪) দাস ক্ষুদিরাম : বাংলা কাব্যের রূপ ও রীতি, মল্লিক ব্রাদার্স

২৫) দাস ক্ষুদিরাম : বৈষ্ণব রস প্রকাশ, মল্লিক ব্রাদার্স

২৬) দাস ক্ষুদিরাম : দেশ কাল সাহিত্য, মল্লিক ব্রাদার্স

২৭) বিশী প্রমথনাথ : রবীন্দ্র কাব্য প্রবাহ, মিত্র ও ঘোষ

২৮) বিশী প্রমথনাথ : রবীন্দ্র সরণী, মিত্র ও ঘোষ

২৯) বিশী প্রমথনাথ : বঙ্কিম সরণী, মিত্র ও ঘোষ

৩০) বসু শংকরীপ্রসাদ : চন্ডীদাস ও বিদ্যাপতি, দে'জ

৩১) বসু শংকরীপ্রসাদ : মধ্যযুগের কবি ও কাব্য, দে'জ

৩২) বন্দ্যোপাধ্যায় অসিতকুমার : বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, মডার্ন বুক এজেন্সি

৩৩) বন্দ্যোপাধ্যায় চারুচন্দ্র : রবি রশ্মি, দে বুক স্টোর

৩৪) বন্দ্যোপাধ্যায় শ্রীকুমার : রবীন্দ্র সৃষ্টি সমীক্ষা, ওরিয়েন্ট বুক কোম্পানি

৩৫) বন্দ্যোপাধ্যায় শ্রীকুমার : বাংলা সাহিত্যের বিকাশের ধারা, ওরিয়েন্ট বুক কোম্পানি

৩৬) মুখোপাধ্যায় তারাপদ : আধুনিক বাংলা কাব্য, মিত্র ও ঘোষ

৩৭) সেন সুকুমার : বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, আনন্দ

৩৮) সেন সুকুমার : ভাষার ইতিবৃত্ত, আনন্দ

৩৯) সেন সুকুমার : ভারতীয় আর্য সাহিত্যের ইতিহাস, আনন্দ

৪০) সেনগুপ্ত সুবোধ : রবীন্দ্রনাথ, দে'জ

৪১) সেনগুপ্ত সুবোধ : বঙ্কিমচন্দ্র, দে'জ

৪২) সেনগুপ্ত সুবোধ : শরৎচন্দ্র, দে'জ

সহায়ক গ্রন্থ:-

১. দে অধীর : আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা, জয়দুর্গা লাইব্রেরী

২. মুখোপাধ্যায় অরুণকুমার : বাংলা সমালোচনার ইতিহাস, দে'জ

৩. বসু সুদীপ : বাংলা সাহিত্যে সমালোচনার ধারা, দে'জ

পত্র-পত্রিকা :

- দেশ
- কোরক
- সাহিত্যিকা
- অনুস্টুপ